# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৯৭

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ -আলী ইবনু আবূ ত্বালিব (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

## اَلْفصْلُ الثَّنِ (بَاب مَنَاقِب عَليّ بن أبي طَالب

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: دَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلِيًّا يَوْمَ الطَّائِفِ فَانْتَجَاهُ فَقَالَ النَّاسُ: لَقَدْ طَالَ نَجْوَاهُ مَعَ ابْنِ عَمِّهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا انْتَجَيْتُهُ وَلَكِنَّ اللَّهَ انْتَجَاهُ» . رَوَاهُ التِّرْمِذِيّ

اسناده ضعيف ، رواه الترمذى (3726 وقال : حسن غريب ) * ابو الزبير مدلس و عنعن ۔
(ضَعِيف)

বাংলা

৬০৯৭-[১১] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ত্বায়িফ যুদ্ধের দিন রাসূলুল্লাহ (সা.) 'আলী (রাঃ)- কে কাছে ডেকে চুপে চুপে কিছু কথা বললেন। লোকেরা বলল, রাসূলুল্লাহ (সা.) যে তার চাচার পুত্রের সাথে দীর্ঘসময় অবধি চুপে চুপে কথাই বলছেন। রাসূলুল্লাহ (সা.) বললেন, চুপে চুপে আমি কথা বলিনি, বরং স্বয়ং আল্লাহই তার সাথে চুপে চুপে কথা বলেছেন। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৭২৬, য'ঈফুল জামি ৫০২২; কারণ আবূয যুবায়র মুদাল্লিস রাবী আর সে ‘আন দ্বারা হাদীস বর্ণনা করেছেন, হিদায়াতুর রুওয়াত ৫/৪২৯ পৃ.।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَقَالَ النَّاسُ)অর্থাৎ মুনাফিকগণ, অথবা সাধারণ সাহাবীগণ গোপন বৈঠক করেছিল। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86073

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন